দৈনিক জনকণ্ঠ

তারিখ ... APR. 3. 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ইউনেস্কো শান্তি পুরস্কার লাভে শেখ হাসিনার প্রতি অভিনন্দন

ইউনেস্কোর ১৯৯৮ সালের হোফে বয়নি শান্তি পুরস্কার লাভ করায় বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে। সংগঠনগুলোর মধ্যে রয়েছে বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এ্যাসোসিয়েশন, জাতীয় কবিতা পরিষদ ও বঙ্গবন্ধু যুব পরিষদ।

বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এ্যাসোসিয়েশনের মহাসচিব মাহবুব উদ্দিন চৌধুরী এক বিবৃতিতে 'ইউনেস্কো শান্তি পুরস্কার' লাভের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, এ ধরনের পুরস্কার লাভের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ-হাসিনা পুনরায় বাংলাদেশকে বহির্বিশ্বে সুপরিচিত এবং যোগ্য আসনে অধিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন। তিনি এই পুরস্কার প্রদান বিষয়ক জুরি বোর্ডের চেয়ারম্যান সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ডঃ হেনরি কিসিঞ্জারকেও ধন্যবাদ জানান। বিবৃতিতে তিনি আরও বলেন, ১৯৯৭ সালে পার্বত্য চট্টগ্রামে উপজাতীয় বিদ্রোহীদের সাথে একটি যুগান্তকারী শান্তি চুক্তিতে আবদ্ধ হয়ে গত ২৫ বছরের উপজাতীয় সহিংস বিদ্রোহের অবসান ঘটানোর ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে ঐতিহাসিক অবদান রেখেছেন সারা বিশ্বে তার স্বীকৃতি মিলেছে।

এ প্রসঙ্গে তিনি প্রতিবেশী ভারতের সাথে দীর্ঘদিনের পানি সমস্যা নিরসনে স্বাক্ষরিত ঐতিহাসিক পানি চুক্তিকেও শেখ হাসিনার এক বিরাট সাফল্য বলে উল্লেখ করেন। বিবৃতিতে জানানো হয়, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এ্যাসোসিয়েশনের উদ্যোগে শীঘ্রই ঢাকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এক সংবর্ধনা দেয়া হবে।

জাতীয় কবিতা পরিষদের সভাপতি কবি বেলাল চৌধুরী ও সাধারণ সম্পাদক ডঃ মুহাম্মদ সামাদ এক বিবৃতিতে ১৯৯৮ সালের ইউনেস্কো শান্তি পুরস্কারের জন্য মনোনীত হওয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। তাঁরা সমকালীন হিংসা-উন্মত্ত বিশ্বে বাংলাদেশের মতো একটি উন্নয়শীল দেশের সংগ্রামী নেত্রী হিসাবে শেখ হাসিনার শান্তি প্রচেষ্টাকে এক বিরল দৃষ্টান্ত হিসাবে উল্লেখ করে।

বঙ্গবন্ধু যুব পরিষদ কেন্দ্রীয় কমিটির সভাপতি আবদুল জলিল ভুঁইয়া ও সাধারণ সম্পাদক মোঃ রেজাউল করিম খান রেজা শুক্রবার এক যুক্ত বিবৃতিতে ইউনেস্কোর ১৯৯৮ সালের হোফে-বয়ানি শান্তি পুরস্কার লাভ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানান ও তাঁর গতিশীল নেতৃত্বে পার্বত্য চট্টগ্রামসহ সমগ্র বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নতির গতি ত্বরান্বিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বিবৃতিতে তাঁরা জননেত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।